

মেডিক্যাল কলেজ কর্বে খুলবে, জানাল স্বাস্থ্য অধিদপ্তর

নিজৰ
প্রতিবেদক

২৮ জুলাই, ২০২৪

২০:৩১

শেয়ার

অ +

অ -



কোটা সংস্কারের আন্দোলন ও সহিংসতার জেরে বন্ধ হয়ে যাওয়া সরকারি-বেসরকারি মেডিক্যাল কলেজ এখনই খুলছে না। দেশের পরিস্থিতি স্বাভাবিক হলে সরকারের নির্দেশনা অনুযায়ী মেডিক্যাল কলেজ খোলা হবে বলে জানিয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।

রবিবার (১৮ জুলাই) এ তথ্য নিশ্চিত করে অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক মো. টিটো মিৎসা বলেন, ‘মেডিক্যাল কলেজগুলো খোলা নিয়ে এখনো কোনো আলোচনা হয়নি। যখন সার্বিক পরিবেশ শিক্ষার্থীদের হোষ্টেলে থাকার মতো হবে, তখন বিষয়টি বিবেচনা করা হবে।

আমাদের বেশিরভাগ শিক্ষার্থী হোষ্টেলে থাকে। হোষ্টেল খুলে না দিলে শিক্ষার্থীরা থাকতে পারবে না, শিক্ষা কার্যক্রমে অংশ নিতে পারবে না।’

তিনি বলেন, ‘এ বিষয়ে সরকারের ওপর মহলের সিদ্ধান্তের অপেক্ষায় আছেন তারা। সর্বোচ্চ মহলের আদেশক্রমে যখন সব শিক্ষাপ্রতিষ্ঠান খুলবে, তখন আমরাও মেডিক্যাল কলেজগুলো খুলে দেব।

আমরা আলাদাভাবে কিছু করতে যাচ্ছি না।’

প্রসঙ্গত, কোটা সংস্কার আন্দোলনের মধ্যে সহিংসতার কারণে শিক্ষার্থীদের নিরাপত্তার কথা বিবেচনায় নিয়ে ১৬ জুলাই থেকে ধাপে ধাপে বন্ধ করা হয়েছে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠান। ১৮ জুলাই থেকে বন্ধ আছে বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল

কলেজগুলো।